

ভারত-মেকসিকো ষষ্ঠ যৌথ কমিশন বৈঠক

ভারত-মেকসিকো ষষ্ঠ যৌথ কমিশন বৈঠক(JCM) ২২ অক্টোবর ২০১৪ অনুষ্ঠিত হয়। বৈঠকটি যৌথভাবে পৌরোহিত্য করেন পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতী সুষমা স্বরাজ এবং মেকসিকোর বিদেশমন্ত্রকের মন্ত্রী মিঃ জোশ অ্যান্টনিও মিয়াডে কুরিরেনা। ১৯৮৪ সালে এই ব্যবস্থাপনা গঠিত হওয়ার পর এই প্রথম মন্ত্রী পর্যায়ের JCM অনুষ্ঠিত হলো। সহকারী বিদেশমন্ত্রী মিঃ কার্লোস দ্য এলকাজা এবং আন্তর্জাতিকের বিশাল সংখ্যক প্রতিনিধিরা মেকসিকোর বিদেশমন্ত্রীর সফরসঙ্গী ছিলেন।

রাজনৈতিক, আর্থিক ও বাণিজ্য, প্রথাগত ভেষজ, বিজ্ঞান ও প্রযুক্তি, মহাকাশ, শিক্ষা পর্যটন, কনসুলার ও সাংস্কৃতিক বিষয় সহ দ্বিপাক্ষিক সম্পর্কের যাবতীয় বিষয় নিয়ে উভয় মন্ত্রী আলোচনা করেন। লাতিন আমেরিকার ক্যারিবিয়ান রাষ্ট্রসমূহের সমাজ(CELAC) ও প্রশান্তমহাসাগরীয় মোর্চায় ভারতের বিদ্যমান সংযোগ সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে তাঁরা আলোচনা করেন।

২০ অক্টোবর ২০১৪ JCM- এর ফাঁকে বিজ্ঞান ও প্রযুক্তি, পর্যটন ও কৃষি বিষয়ে যৌথ কার্যকরী গোষ্ঠীর বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকের সময়ে ইসরো ও মেকসিকোর মহাকাশ সংস্থার সংগে শান্তির উদ্দেশ্যে মহাকাশ সহযোগিতা বিষয়ে একটি মডু স্বাক্ষরিত হয়।

উভয় মন্ত্রী নিশ্চিত আশা প্রকাশ করেন, ২০০৭ সালে প্রতিষ্ঠিত বর্তমানের ‘ বিশেষাধিকার প্রাপ্ত অংশীদারি’ মন্ত্রী পর্যায়ের যৌথ কমিশন বৈঠকের পরে আরো সুদৃঢ় ও নিবিড় হবে।

নয়াদিল্লি

২২ অক্টোবর ২০১৪